



# বাংলা জ্ঞান অব ইন্টারডিসিপ্লিনারি সায়েন্সেস

The Bangla Journal of Interdisciplinary Sciences

## সম্পাদকীয়

২০২৩ সালের ২৬ শে মার্চ “বাংলা জ্ঞান অব ইন্টারডিসিপ্লিনারি সায়েন্সেস” এর অগ্রযাত্রায় একটি স্মরণীয় দিন। কারণ এইদিনে প্রথম সংখ্যাটি প্রকাশ করার মাধ্যমে আনুষ্ঠানিকভাবে জ্ঞানালটির প্রতিষ্ঠা ও পদযাত্রা ঘোষণা করা হয়েছিল এবং সেটা ছিল প্রায় এক বছর ধরে আমাদের পরিকল্পনা ও প্রচেষ্টার ফসল। এটা বাস্তবায়ন করতে গিয়ে আমরা অনেক প্রতিকূলতার সম্মুখীন হয়েছি এবং সম্মিলিত চেষ্টায় সেসব প্রতিকূলতা অতিক্রমও করেছি। এই লক্ষ অভিজ্ঞতার পরিপ্রেক্ষিতে আমাদের পরবর্তী সংখ্যাগুলির প্রকাশ সহজতর হবে বলে আমি আশা করি। এই সংখ্যার জন্য প্রবন্ধ রচনা, পিয়ার-রিভিউ, প্রফরিড, ওয়েব ডিজাইন ও আনুষাঙ্গিক সহায়তায় জড়িত সবাইকে আমি জ্ঞানালের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

বিজ্ঞানের ক্রমাগত অগ্রগতি মূলত অসংখ্য মানুষের উন্নতবন্নী চিন্তা এবং সেইসব চিন্তাকে বাস্তবায়ন করার প্রচেষ্টারই ফসল। যেকোনো জাতির উন্নয়নের পিছনে সে জাতির বিজ্ঞান চর্চার এবং জ্ঞান-বিজ্ঞানে তাদের অগ্রগতির অবদান অপরিসীম। কোনো উন্নতবন্নের অন্তরালে কাজ করে মূলত মানুষের কল্পনাশক্তি। বিজ্ঞান মানুষের এই কল্পনার সফল বাস্তবায়ন। স্বয়ং আলবার্ট আইনস্টাইন বলে গিয়েছেন, “imagination is more important than knowledge.” প্রকৃতর্থে একজন মানুষের পক্ষে তার নিজের ভাষায় কোনোকিছু কল্পনা বা চিন্তা করা এবং তা প্রকাশ করা নিঃসন্দেহে সহজতর। কেননা সে যে ভাষায় কথা বলতে, চিন্তা করতে, এবং স্পন্দন দেখতে অভ্যন্ত, সেই ভাষায় সে তার সৃষ্টিশীল চিন্তা-ভাবনাগুলিকে সহজেই প্রকাশ করতে এবং ছাড়িয়ে দিতে পারবে।

একজন প্রবাসী বাঙালি অধ্যাপক হিসেবে এবং বিজ্ঞানের সাথে আমার দীর্ঘদিনের পেশাগত সম্পর্কের কারণে আমি বিশ্বাস করি, আমাদের সার্বিক অগ্রগতির জন্য বাংলায় বিজ্ঞান চর্চার বিশেষ প্রয়োজন রয়েছে। একই সাথে বিশ্বাস করি, আমাদের শিক্ষা ব্যবস্থায় ফলিত গণিত এবং ইংরেজি শিক্ষায় গুরুত্ব আরোপ করাও অত্যন্ত জরুরি। কেননা গণিতের জ্ঞান ছাড়া বিজ্ঞানের অগ্রগতি ব্যাহত হবে এবং যেহেতু আন্তর্জাতিকভাবে উচ্চশিক্ষার মাধ্যম হিসেবে ইংরেজি ভাষার প্রভাব অত্যন্ত প্রবল এবং অধিকাংশ বিজ্ঞানভিত্তিক গ্রন্থ, জ্ঞানাল এবং অন্যান্য প্রকাশনাগুলি মূলত ইংরেজি ভাষায় প্রকাশিত হয়, সেগুলিকে সঠিকভাবে মূল্যায়ন এবং কার্যক্ষেত্রে ব্যবহার করতে পারা, বিজ্ঞান-শিক্ষার্থী এবং গবেষকদের জন্য অত্যন্ত প্রয়োজন। তবে এর পাশাপাশি বাংলাভাষী শিক্ষার্থীদের বিজ্ঞানের সাধনাকে আরো সহজতর করার ক্ষেত্রে বাংলায় বিজ্ঞান চর্চার গুরুত্বও অপরিসীম। আর এদেরকে সেই ভিত্তি তৈরি করে দেওয়ার পিছনে শিক্ষকদের ভূমিকা হবে সবচেয়ে গুরুত্বপূর্ণ।

এছাড়া শিক্ষার্থীদের বিজ্ঞানের প্রতি আকৃষ্ট করার জন্য বিভিন্ন পরিকল্পনা গ্রহণ, যেমন: ৱেডিও ও টিভি চ্যানেলগুলিতে বিজ্ঞান বিষয়ক অনুষ্ঠানের সম্প্রচার বাড়ানো, বাংলা পত্র-পত্রিকাগুলিতে বিজ্ঞান বিষয়ক প্রকাশনার সুযোগ প্রসারিত করা, এ ব্যাপারে সহায়ক ভূমিকা রাখবে বলে আশা করা যায়।

বাংলি পরিশ্রমী এবং মেধাবী জাতি। দেশে এবং বিদেশে অনেক মেধাবী বাংলি বিজ্ঞানী ছড়িয়ে আছেন যারা চেষ্টা করলে বাংলা ভাষায় বিজ্ঞানকে বিকশিত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারেন। আমরা আশা করবো বর্তমান এবং আগামী প্রজন্মের বাংলি বিজ্ঞানীরা তাঁদের চিন্তা-ভাবনাকে প্রকাশের জন্য ইংরেজি এবং অন্যান্য ভাষার পাশে বাংলাকেও একটি মাধ্যম হিসাবে ব্যবহার করবেন। এটা একদিকে যেমন বাংলা ভাষাকে আরো বিকশিত করবে, অন্যদিকে আমাদের শিক্ষা এবং জীবনের মান উন্নয়নেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমি মনে করি।

মো. সারওয়ার জামান

টেক্সাস, যুক্তরাষ্ট্র (ডিসেম্বর ৩১, ২০২৩)